দৈনিক সংবাদ

তারিখ 08 FEB 1988

পৃষ্ঠা 5 কলাম 2

036

# বাগেরহাটে ৩৭ হাজার ছাত্র ছাত্রী পাঠ্যবই থেকে বঞ্চিত

বাগেরহাট, ৬ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—চাহিদা মোতাবেক বই সরবরাহ না করায় চলতি শিক্ষাবর্ষে বাগেরহাট জেলার প্রাথমিক বিদ্যালয়ের ৩৭ হাজার ৬শ' ৫৪ জন ছাত্রছাত্রী বিনামূল্যে সরবরাহকৃত পাঠ্যবই থেকে বঞ্চিত হচ্ছে।

একটি নির্ভরযোগ্য সূত্রে প্রাপ্ত তথ্যে জানা যায়, চলতি শিক্ষাবর্ষে বাগেরহাট জেলার ন'টি উপজেলার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ছাত্রছাত্রীদের জন্য বাগেরহাট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ১ লাখ ৯০ হাজার ১শ' ৫৪ সেট পাঠ্যবই সরবরাহের জন্য শিক্ষা বিভাগকে অনুরোধ জানিয়ে চাহিদাপত্র পাঠান। কিন্তু শিক্ষা বিভাগ চাহিদা মোতাবেক বই সরবরাহ করতে ব্যর্থ হয়। জেলার প্রাথমিক শিক্ষা বিভাগ মাত্র ১ লাখ ৫২ হাজার ৫শ' সেট বই সরবরাহ করে।

অন্যদিকে সরকার বিনামূল্যে সরবরাহকৃত প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যবইগুলো জেলার বিভিন্ন বইয়ের দোকানে প্রকাশ্যে বিক্রি হচ্ছে। এসব বই বাজারে বইয়ের দোকানে কিভাবে এসেছে সে সম্পর্কে শিক্ষা বিভাগের সঙ্গে যোগাযোগ করা হলে তারা এ ব্যাপারে কোন কিছু জানেন না বলে এই প্রতিনিধিকে জানান। শিক্ষা বছরের শুরুতে প্রয়োজনের তুলনায় কম বই সরবরাহের জন্য ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হওয়ার আশংকা ব্যক্ত করে শিক্ষক এবং অভিভাবক মহল দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছে। পাঠ্যবইয়ের অভাবে জেলার ৩৭ হাজার ৬শ' ৫৪ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ায় অনেক অভিভাবক অধিক মূল্যে খোলা বাজার হতে বই সংগ্রহের চেষ্টা করছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন অভিভাবক এই প্রতিনিধির নিকট অভিযোগ করেন, বইয়ের সংকটজনিত কারণে কতিপয় শিক্ষক দুর্নীতির আশ্রয় গ্রহণ করে লাভবান হচ্ছেন। এসব দুর্নীতিবাজ শিক্ষকদের সংগে শিক্ষা বিভাগের লোকজন জড়িত রয়েছে বলে তিনি মন্তব্য করেন।